


ভোরের কাগজ



মাদ্রাসায় শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ ইউএনওকে শোকজ

ঝালকাঠী প্রতিনিধি : একটি মাদ্রাসায় শিক্ষক পদে লোক নিয়োগে অনিয়মের অভিযোগের পরিপ্রেক্ষিতে ঝালকাঠী সিনিয়র সহকারী জজ আদালত ঝালকাঠী সদর উপজেলার নির্বাহী কর্মকর্তাসহ নির্বাচকমণ্ডলীকে শোকজ করেছে। ঝালকাঠী বেরপাশা মহিলা দাখিল মাদ্রাসার শিক্ষক পদে নিয়োগার্থী ইসমত আরা সুইটি বাদী হয়ে এই মামলা করেছেন। সুইটি বেগম শিখিত ও মৌখিক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেলেও তাকে নিয়োগ প্রদানের টালবাহানা করে অন্য প্রার্থীকে নিয়োগ দেওয়ার পায়তারা করা হচ্ছে বলে অভিযোগে উল্লেখ করা হয়।

গত ২ জুলাই আদালত নোটিশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছে এবং সংশ্লিষ্ট কাগজপত্র (লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলপত্র, কার্য বিবরণী ইত্যাদি) তুলব করেছে।